আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২০ এপ্রিল ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)

মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১৪.৭৮৬.১০/নিয়োগ-৫১ ২৪ মার্চ ২০২৫

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) নিম্নেবর্ণিত পদসমূহে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করছে:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল/গ্রেড এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | অধ্যাপক<br>বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) (জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৫৫ বছর (সর্বোচ্চ)<br><br>**বিষয়সমূহ:**<br><br>ক। ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স<br>খ। পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন<br>গ। অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস<br>ঘ। কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং<br>ঙ। ইংরেজি | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করতে হবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ সর্বমোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলোর মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে থাকতে হবে। |
| ২। | অধ্যাপক-আন্তর্জাতিক সম্পর্ক (চুক্তিভিত্তিক)<br><br>মাসিক বেতন-ভাতা: সর্বসাকুল্যে ৮৬,২৫০/-<br>উৎসব ভাতা: বছরে ৫৬,৫০০/- হারে ০২টি<br>বাংলা নববর্ষ ভাতা: মূল বেতনের ২০% হারে ০১টি।<br>বয়স : ৫৫ বছর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করতে হবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ সর্বমোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলোর মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে থাকতে হবে। |
| ৩। | সহযোগী অধ্যাপক<br>বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) (জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৪৫ বছর (সর্বোচ্চ)<br><br>**বিষয়সমূহ:**<br><br>ক। ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি<br>খ। কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করতে হবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে।<br><br>খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৭ (সাত) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলোর মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| ৪। | **প্রভাষক**<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩২ বছর (সর্বোচ্চ)<br><br>**বিষয়সমূহ:**<br>ক। প্রভাষক-পরিসংখ্যান<br>খ। প্রভাষক-ফাইন্যান্স<br>গ। প্রভাষক-ম্যানেজমেন্ট<br>ঘ। প্রভাষক-মার্কেটিং<br>ঙ। প্রভাষক-আইন<br>চ। প্রভাষক-মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম<br>ছ। প্রভাষক-পিস, কনফ্লিক্ট অ্যান্ড হিউম্যান রাইটস<br>জ। প্রভাষক- ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি<br>ঝ। প্রভাষক- কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং<br>ঞ। প্রভাষক-পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন<br>ট। প্রভাষক-ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স<br>ঠ। প্রভাষক-ইকোনমিক্স | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফসিল ‘ঙ’ অনুযায়ী। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br><br>* তফশিল ‘ঙ’ বিইউপি ওয়েবসাইট এর Career হতে সংগ্রহ করতে হবে। |
| ৫। | **সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩২ বছর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে এবং শিক্ষা জীবনে কোন স্তরেই ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.০০ (৫.০০ স্কেল) এবং স্নাতক পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেল) থাকতে হবে। |
| ৬। | **সহকারী প্রোগ্রামার**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩২ বছর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ সফটওয়ার ইঞ্জিনিয়ারিং/ আইসিটি-এ বিএসসি ডিগ্রীধারী। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে এবং শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.০০ (৫.০০ স্কেল) এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেল) থাকতে হবে। স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্য অগ্রাধিকারযোগ্য। |
| ৭। | **উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩২ বছর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হতে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমাধারী হতে হবে। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না। |
| ৮। | **ওয়ার্ক সুপারভাইজার (সিভিল)**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ১২৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ৩২ বছর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি ভোকেশনাল/সমমান। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী হতে হবে। স্নাতক ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |

**শর্তাবলি:**

১। **প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করে আগামী ২০ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে (০৮০০ হতে ১৪৩০ ঘটিকা) ‘রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর, ঢাকা-১২১৬’ এই ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি বিইউপিতে কোনো আবেদনপত্র জমা নেওয়া হবে না।**

২। ক্রমিক ১, ২, ৩ ও ৪-এ উল্লেখিত পদের জন্য ফরম নং-১, ক্রমিক ৫ ও ৬-এ উল্লেখিত পদের জন ফরম নং-২ এবং ক্রমিক ৭ ও ৮-এ উল্লেখিত পদের জন্য ফরম-৩ প্রযোজ্য। বিইউপির ওয়েবসাইট www.bup.edu.bd/career লিংক-এ প্রবেশ করে ARCHIVE এর Form হইতে ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে।

৩। ‘রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)’-এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে গ্রেড ৩, ৪, ৯ম ও ১০ম গ্রেডের পদের জন্য ২০০.০০ এবং ১১তম গ্রেডের পদের জন্য ১৫০.০০ টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি প্রেরণ না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। আবেদনপত্রের সাথে সদ্যতোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের ফর্মাল রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডযুক্ত) সত্যায়িতসহ সংযুক্ত করতে হবে।

৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রশংসাপত্রের অনুলিপি সত্যায়িতসহ সংযুক্ত করতে হবে।

৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

**৭। জাতীয় পরিচয়পত্র এবং জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।**

৮। বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক প্রদত্ত ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

**৯। বিইউপিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নহে।**

**১০। খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।**

**১১। ০৪ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 সাইজের খামে দাখিল করতে হবে।**

১২। চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

১৩। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে/ মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে/ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

**১৭। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসমূহের পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।**

১৮। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অনুযায়ী বয়স এবং অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) শর্ত পূরণ করতে হবে।

১৯। কোনো পরীক্ষায় ফলাফল প্রত্যাশী (Appeared) থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২০। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

২১। ''সক্রিয় শিক্ষকতা'' অর্থ চাকুরিকালীন পাঠদান ও গবেষণা অথবা উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কে বুঝায়; যদি সংশ্লিষ্ট শিক্ষক অর্জিত ডিগ্রী সম্পন্ন করে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কাজে যোগদান করেন।

রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

মেজর ফিদা নূর (অব:)
ডেপুটি রেজিস্ট্রার
রেজিস্ট্রার অফিস (সংস্থাপন শাখা)
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬।